বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৯৪

তারিখ: ৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

বিষয়: **বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা, ২০২২-২৩ এর কার্যক্রম [১.৩] অনুসারে ২য় প্রান্তিকে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কাউন্সিলের বিভাগ/ইউনিট এর সমন্বয়ে আয়োজিত' সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিএআরসি'র ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা কার্যক্রম [১.৩] অনুসারে ২য় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ে কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে গত ২৪ নভেম্বর ২০২২ তারিখে সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২২-১২-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
ফোন: +৮৮-০২-২২২২৪২৬৬৬
ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৬
ইমেইল: ec.barc@barc.gov.bd

বিতরণ :
১) সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ/এনআরএম/পরিকল্পনা ও মূল্যায়ন/শস্য/প্রাণিসম্পদ/কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
২) পরিচালক (সাপোর্ট সার্ভিস/কৃষি তথ্য/জনশক্তি ও প্রশিক্ষণ/কম্পিউটার এন্ড জিআইএস/পুষ্টি) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৩) সদস্য সচিব, সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৪) সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৯৪/১(২)

তারিখ: ৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

২) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েনসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)

২২-১২-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

বিষয়: বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২২-২০২৩ কর্মপরিকল্পনায় কার্যক্রম [১.৩] এর আওতায় "সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন" সংক্রান্ত অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| তারিখ ও সময় | ঃ ২৪ নভেম্বর ২০২২; সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ সভাকক্ষ-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | ঃ পরিশিষ্ট 'ক' |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মোঃ সাজ্জাদুর রহমান সরকার, সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার ও সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এ কার্যক্রম [১.৩] মোতাবেক 'সেবা প্রদান প্রতিশ্রুতি' কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে অনুসারে বিএআরসি'র আওতাধীন পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, কৃষি তথ্য কেন্দ্র এবং কুম্পউটার ও জিআইএস ইউনিটের কর্তৃক প্রদত্ত সেবা কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে উক্ত বিভাগ, ইউনিট ও কেন্দ্রের সকল পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে ২য় সভার আয়োজন করা হয়েছে।

২। সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর মাধ্যমে গণখাতে সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করছে। সিটিজেন চার্টার এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য হওয়া, সেবা প্রক্রিয়ায় সকল নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধিসহ সরকারি কর্মচারীদের কাজে জবাবদিহিতা বাড়ছে। তিনি আরও বলেন, সেবা কার্যক্রম কার্যকরভাবে বাস্তবায়নের অংশ হিসেবে বিএআরসি এর আওতাধীন বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে আয়োজিত সভাটি সেবাগ্রহীতাদের নির্ধারিত সময়ে মানসম্পন্ন সেবা পেতে অগ্রণী ভূমিকা পালন করবে।

৩। এ পর্যায়ে সভাপতি জনাব মোঃ সাজ্জাদুর রহমান সরকার, সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার ও সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটিকে কাউন্সিলের উল্লিখিত বিভাগ, ইউনিট ও কেন্দ্রের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা কার্যক্রম উপস্থাপনের অনুরোধ জানান।

৪। এ বিষয়ে সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার যথাক্রমে (১) পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ কর্তৃক প্রদত্ত দাপ্তরিক সেবা গবেষণা প্রতিষ্ঠানসমূহের প্রণীত প্রকল্প মূল্যায়ন ও মতামত প্রদান; (২) জনশক্তি ও প্রশিক্ষণ কর্তৃক প্রদত্ত দাপ্তরিক সেবা (i) পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান (ii) বৈদেশিক উচ্চশিক্ষা/প্রশিক্ষণ/সভা/সেমিনারে অংশগ্রহণের জন্য প্রেষণ মঞ্জুর প্রক্রিয়াকরণ (৩) কৃষি তথ্য কেন্দ্র কর্তৃক প্রদত্ত (i) নাগরিক সেবা বিব্লিওগ্রাফিক সার্ভিস (ii) দাপ্তরিক সেবা হিসেবে সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রনয়ন (৪) কম্পিউটার ও জিআইএস ইউনিট কর্তৃক প্রদত্ত দাপ্তরিক সেবা (i) কম্পিউটার ল্যাব সুবিধা প্রদান (ii) জুম ভার্চুয়াল মিটিং সাপোর্ট সেবাসমূহ ও এর সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমাসহ সামগ্রিক সেবা প্রদান প্রক্রিয়া উপস্থাপন করেন।

৫। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৫.১ নির্ধারিত কার্যদিবসে সকল বিভাগ ও ইউনিটের নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবা প্রদান বিষয়ে আলোচনা করা হয়।

৫.২ নাগরিক সেবায় বিবলিওগ্রাফিক সেবার নাম পরিবর্তন করে ‘গ্রন্থাগার ও তথ্য সেবা’ রাখার প্রস্তাব করা হয়। সেবা প্রদানের আবেদন পদ্ধতি হিসেবে লিখিত/মৌখিক আবেদনের প্রস্তাব করা হয়। সেবার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা হিসেবে

সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার (এইআইসি) এর নাম প্রস্তাব করা হয়।

৫.৩ সকল বিভাগ ও ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করা।

৫.৪ সেবা সহজিকরণ সংক্রান্ত উদ্ভাবনকৃত সেবাসমূহ অফিস আদেশ জারির ব্যবস্থা করা।

৫.৫ পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ কর্তৃক প্রদত্ত প্রকল্প ও কর্মপরিকল্পনা তৈরিতে সহায়তা প্রদান নতুন একটি দাপ্তরিক সেবা অন্তর্ভুক্তির প্রস্তাব বিষয়ে আলোচনা।

৫.৬ জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট প্রদত্ত প্রশিক্ষণ ভেন্যু বা হল বরাদ্দ প্রদান দাপ্তরিক সেবা হিসেবে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়।

০৬। **সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৬.১ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে মান সম্পন্ন সেবা প্রদান নিশ্চিতকরণ; | সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা, বিএআরসি |
| ৬.২ | নাগরিক সেবায় বিবলিওগ্রাফিক সেবার নাম পরিবর্তন করে ‘গ্রন্থাগার ও তথ্য সেবা’ এবং অনলাইন সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ; | কৃষি তথ্য কেন্দ্র ও সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি |
| ৬.৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (citizen’s charter) হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি |
| ৬.৪ | সরকারি আদেশ অনুযায়ী সেবা প্রক্রিয়া সহজিকরণের আওতায় জারিকৃত সেবাসমূহ সেবা প্রদানের সময়সীমা নির্ধারণ; | কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট ও সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটি, বিএআরসি |

০৭। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

৮/১১/২০২২

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিএআরসি।